বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা-১

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নূরুল আলম যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চীফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	০৭-০১-২০২১ খ্রি:।
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ (ব্লক-বি),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে বদ্ধপরিকর। এই উন্নয়ন রুপকল্প উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বাস্তবায়ন করা হলে সুশাসন ও জবাবদিহিতার মাধ্যমে টেকসই উন্নয়নের পথ সুগম হবে। এরই প্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ইনোভেশন কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচালনা করে আসছে। ২০১৯-২০ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সার্বিক মূল্যায়নে (১০০ নম্বরের ভিত্তিতে) ৫২ টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ৯১.২০ নম্বর পেয়ে তৃতীয় স্থান অর্জন করায় সভাপতি উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নে এ অর্জন অনুপ্রেরণা হিসেবে কাজ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ পর্যায়ে সভাপতি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় অর্ধবার্ষিক বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য আলোচ্যসূচি উপস্থাপন করতে অনুরোধ করেন।

০২। এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদ সভাকে অবহিত করেন যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ৩০-০১-২০২১ তারিখের মধ্যে প্রণয়ন এবং ০৫-০২-২০২১ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। তিনি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থাপন করলে পর্যাপ্ত যাচাই-বাছাই শেষে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২০) স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয় । এতে কর্মপরিকল্পনা অনুযায়ী (জুলাই-ডিসেম্বর/২০২০) এ উল্লেখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী এ বিভাগের বাস্তবায়ন অগ্রগতির হার শতভাগ পাওয়া যায়। এ বিষয়ে সভাপতি বলেন, সচিব মহোদয়ের অনুমোদনক্রমে প্রস্তুতকৃত অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২০) স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ০৫-০২-২০২১ তারিখের পূর্বেই প্রেরণ করতে হবে।

০৩। এ পর্যায়ে পরবর্তী আলোচ্যসূচী অনুযায়ী ইনোভেশন টিমের সদস্য সচিব বলেন, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৪ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১টি ১(এক) দিনের কর্মশালা/সেমিনার ও ২টি ২(দুই) দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে উল্লেখ রয়েছে। সর্বসম্মতিক্রমে এ বিভাগের ইনোভেশন টীম কর্তৃক দ্রুততম সময়ে ওয়ার্কশপ ও প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে ইনোভেশন টিমের সদস্য সচিব, ইনোভেশন খাতে বাজেট ঘাটতির কথা জানালে এ বিভাগের উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা) জনাব মোসাঃ কামরুন্নাহার বলেন যে, এ বিভাগের সেমিনার ও প্রশিক্ষণ খাতে পর্যাপ্ত অর্থ রয়েছে, সেখান থেকে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে এ ঘাটতি পূরণ করা যেতে পারে। সভাপতিসহ উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

০৪। অত:পর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৯.২ অনুযায়ী উদ্ভাবনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে উল্লেখ রয়েছে। সভাপতি এ বিষয়ে সদস্যদের মতামত দিতে অনুরোধ করলে এ বিভাগের উপসচিব জনাব ড. দিপংকর রায় বগুড়ায় অবস্থিত আরডিএ, উপসচিব জনাব মোঃ দিলদার হোসেন গাজীপুরে অবস্থিত হাইটেক পার্ক ও স্কয়ার ফার্মাসিউটিক্যালস, উপসচিব জনাব মোসাঃ কামরুন্নাহার যশোরে অবস্থিত বিবিএস এর ডাটা সেন্টার, সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম পাবনার রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র ও রামপাল বিদ্যুৎ কেন্দ্র এবং সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব মু: ওয়াহিদ মুরাদ চট্টগ্রামে অবস্থিত পিএইচপি অটোমোবাইলস লিমিটেড ও গাজীপুরে অবস্থিত ওয়াল্টন কম্পিউটার ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট-এর নাম উল্লেখ করেন। সবার মতামত শেষে সভাপতি পায়রাবন্দর, পটুয়াখালী'কে ও লিস্টে রাখার জন্য বলেন এবং সচিব মহোদয়ের অনুমতিক্রমে তারিখ ও স্থান নির্ধারণ করা হবে বলে অভিমত দেন।

০৬। বিস্তারিত আলোচনা শেষে নিম্মলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়ঃ

- ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া চূড়ান্ত করা হয়।
- সচিব মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্তকৃত অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২০) স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ০৫-০২-২০২১ তারিখের পূর্বেই প্রেরণ করতে হবে।
- উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক ১টি ১(এক) দিনের কর্মশালা/সেমিনার ও ২টি ২(দুই) দিনের প্রশিক্ষণ দ্রুততম সময়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- উদ্ভাবনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের উদ্দেশ্যে সচিব মহোদয়ের অনুমতিক্রমে স্থান ও তারিখ নির্ধারণ করতে হবে।

০৭। অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল আলম
যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চীফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০.৩১ তারিখ: ২৮ পৌষ ১৪২৭
১২ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২) জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৭) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৮) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৯) সহকারী প্রোগ্রামার , আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১০) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি -২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার